



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৬৭

আগামীকাল রাজশাহী আসবেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী

রাজশাহী; ১৩ মাঘ (২৭ জানুয়ারি):

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, এমপি আগামী ২৮ ও ২৯ জানুয়ারি রাজশাহী সফর করবেন। তিনি শনিবার বিকাল পাঁচটায় বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

২৯ জানুয়ারি রবিবার সকাল এগারোটায় নগরীর হোটেল গ্র্যান্ড রিভার ভিউ-এ রাজশাহী সড়ক জোনের চলমান উন্নয়ন কার্যক্রম নিয়ে সওজ কর্মকর্তা ও সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা করবেন। দুপুর দুইটায় রাজশাহী মাদরাসা মাঠে মহানগর ও জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় যোগদান করবেন।

এদিন বিকাল সাড়ে চারটায় তিনি ঢাকার উদ্দেশে রাজশাহী ছেড়ে যাবেন।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/রোকন/হালিম/২০২৩/২০.০০ঘ.